# দৈনিক সংবাদ

তারিখ JUL 19 1999
পৃঃ ৪ কলাম ৬

15

## শিক্ষামন্ত্রী সমীপে

বিগত কয়েক বছর যাবৎ লক্ষ্য করা যাচ্ছে যে, মাধ্যমিক পরীক্ষায় ছাত্রছাত্রীগণ সকল বিষয়ে ভাল নম্বর পেয়েও কোন এক বিষয়ে অবিশ্বাস্য রকমের কম নম্বর পেয়ে পরীক্ষায় ফেল করছে। ফেল করা বিষয়টি নৈর্ব্যক্তিক অভীক্ষার অন্তর্ভুক্ত। কোডনম্বর ভুলের অজুহাতে শিক্ষক ও অভিভাবকগণ বিষয়টি মেনে নেন। এ বছরও এ ধরনের বহু ঘটনা ঘটেছে। সুধী মহলের ধারণা কম্পিউটার ভুল না করলেও অপারেটর ভুল করতে পারেন। তাই আমাদের আবেদন যদি কোন ছাত্রছাত্রী নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষার আবেদন করেন, তাহলে কম্পিউটারের সাহায্য না নিয়ে শিক্ষকগণ যেন বোর্ড কর্তৃক নির্ধারিত উত্তরমালার সাহায্যে উত্তরপত্রগুলো পুনঃ-নিরীক্ষা করেন, বিষয়টি সুবিবেচনায় আনার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় ও বোর্ড কর্তৃপক্ষের নিকট আবেদন করছি।

আরিফ, খালেক, আবুল
কলারোয়া
খুলনা